রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত
রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস
২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীর

ভর্তি নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য শুধুমাত্র বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

বিভাগসমূহ

নং	বিভাগের নাম	আসন সংখ্যা
১	মাইক্রোবায়োলজি	৫০
২	ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স	৫০
৩	এগ্রিকালচার	৫০
৪	ফিশারিজ	৫০
	মোট =	২০০

** বি: দ্র: উর্পযুক্ত বিভাগসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের মাধ্যমে পরিচালিত হয়। অনার্স সম্পন্ন করার পর রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ যেকোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স করার সুযোগ রয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দসহ ইনষ্টিটিউটের শিক্ষকবৃন্দ ক্লাস নেন। উক্ত ইনস্টিটিউটের শিক্ষার্থীরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক সকল সুযোগ-সুবিধা পেয়ে থাকে।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

আবেদনকারী ২০১৪ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০১৭ সাল থেকে ২০১৯ সালের উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড/এ-লেভেল বা সমমানের বিদেশী ডিগ্রিধারী প্রার্থী দরখাস্ত করতে পারবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ হতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০ এর কম হলে আবেদন করা যাবে না। ভর্তি পরীক্ষা আগামী ১৬ নভেম্বর ২০১৯ তারিখ শনিবার সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে।

আবেদনের নিয়মাবলী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস-এ ২০১৯-২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক শ্রেণিতে ভর্তির জন্য ১৬ সেপ্টেম্বর ২০১৯ থেকে ১০ নভেম্বর ২০১৯ বিকাল ৫:০০টার মধ্যে অনলাইনে/স্বশরীরে/ডাকযোগে আবেদন করতে হবে। শুধুমাত্র বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। ভর্তি ফরম অনলাইনে পাওয়া যাবে।

ক) রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস-এ আবেদনের ওয়েব সাইট www.rib.edu.bd থেকে ডাউনলোডকৃত ফরমটি Legal সাইজ পেপারে রঙিন প্রিন্ট করতে হবে।
খ) সম্পূর্ণ ফরমটি প্রিন্ট করে আবেদনকারীর নিজ হাতে পূরন করতে হবে। ফরমের এডমিট কার্ড অংশটিও পূরন করতে হবে। আবেদনকারীকে ফরমের সাবজেক্ট চয়েজের ঘরে পছন্দক্রমানুসারে বিভাগসমূহে 1^{st} , 2^{nd} , 3^{rd}, 4^{th} লিখতে হবে। ফরমের নির্ধারিত ২টি বক্সে পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। ফরমের উল্লেখিত অংশে অবশ্যই আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।
গ) আবেদন ফি বাবদ ৩৫০ টাকা ০১৭১৪ ০৮১১৭২ নম্বরে বিকাশ করতে হবে। ট্রানজেকশন নম্বরটি ও তারিখ ফরমে উল্লেখ করতে হবে।

অনলাইনে ভর্তির আবেদনের জন্য: অনলাইনে পাঠানোর ক্ষেত্রে "এডমিট কার্ড" এর অংশটি সমান ভাবে কেটে আবেদনকারী সংরক্ষণ করবে। বাকি অংশটি স্পষ্টভাবে স্ক্যান করে (pdf file size: 1mb এর মধ্যে) ইমেইল করতে হবে। ঠিকানা: admission.rib.ru@gmail.com এবং ইমেইল subject এর স্থানে Application 2019-20 লিখে পাঠাতে হবে।

ডাকযোগে ভর্তির আবেদনের জন্য: ডাকযোগে পাঠানোর ক্ষেত্রে "এডমিট কার্ড" এর অংশটি সমান ভাবে কেটে রেখে বাকি অংশটি খামে ভরে নিম্ন ঠিকানায় পাঠাতে হবে: রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, মাসকাটাদিঘী, শ্যামপুর, মতিহার, রাজশাহী-৬২১২।

স্বশরীরে ভর্তির আবেদনের জন্য: সরাসরি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অথবা রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, মাসকাটাদিঘী, শ্যামপুর, মতিহার, রাজশাহী-৬২১২ ঠিকানা আবেদন ফরম ও ফি জমা দিতে পারবে।

বি:দ্র: অনলাইনে/ডাকযোগে/স্বশরীরে আবেদন সম্পন্ন হবার পর আবেদনকারীর মোবাইল নম্বরে একটি কনফরমেশন মেসেজ যাবে যেখানে এডমিশন রোল নম্বর উল্লেখ থাকবে। আবেদনকারী তার নিকট থাকা এডমিট কার্ড অংশে রোল নম্বরটি বসিয়ে নেবে।

ভর্তি পরীক্ষা

ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অবশ্যই এডমিট কার্ডটি সাথে নিয়ে আসতে হবে।
খ) ভর্তি পরীক্ষা ১৬ নভেম্বর শনিবার সকাল ১২:০০টায় অনুষ্ঠীত হবে। পরীক্ষার সময় ১ ঘন্টা।
গ) ভর্তি পরীক্ষার বিস্তারিত আসন বিন্যাস ওয়েব সাইটে www.rib.edu.bd ১২ নভেম্বর, ২০১৯ তারিখে দেওয়া হবে।
ঘ) ভর্তি পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে হবে। মোট ১০০ টি প্রশ্নের জন্য মোট নম্বর হবে ১০০ (জীববিজ্ঞান-৪০, রসায়ন-৩০, ইংরেজী-২০, সাধারন জ্ঞান-১০)
ঙ) পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর নিকট মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোন প্রকার ডিভাইস রাখা যাবে না।

মেধাস্কোর

ক) শুধুমাত্র ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরে প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে মেধা তালিকা তৈরী হবে। এক্ষেত্রে SSC বা HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ যোগ হবে না।
খ) ভর্তি পরীক্ষার ফলাফল পরীক্ষার পরদিন ১৭ নভেম্বর ২০১৯ তারিখে বিকাল ৫:০০ টায় ওয়েবসাইটে www.rib.edu.bd প্রকাশ করা হবে।

একাডেমিক খরচ

বিভাগ সমূহ / বিষয়	মাইক্রোবায়োলজি	ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স	এগ্রিকালচার	ফিশারিজ
ভর্তি ফি	১০,০০০/-	১০,০০০/-	১০,০০০/-	১০,০০০/-
রেজিস্ট্রেশন ফি	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*
পরীক্ষার ফি	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*	বিশ্ববিদ্যালয় নির্ধারিত*
সেমিষ্টার ফি	২৮,০০০ X ৮ সেমিষ্টার = ২,২৪,০০০/-	২৮,০০০ X ৮ সেমিষ্টার = ২,২৪,০০০/-	২৫,০০০ X ৮ সেমিষ্টার = ২,০০,০০০/-	২৫,০০০ X ৮ সেমিষ্টার = ২,০০,০০০/-
মোট খরচ =	২,৩৪,০০০/-	২,৩৪,০০০/-	২,১০,০০০/-	২,১০,০০০/-

*বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন ফি = আনুমানিক ১২০০/- (৪ বছরে মাত্র ১ বার); *পরীক্ষা/ফরম ফিলাপ ফি = আনুমানিক ২৫০০/-

ভর্তি বিষয়ক যেকোন তথ্যের জন্য যোগাযোগ করুন রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, মাসকাটাদিঘী, মতিহার, রাজশাহী-৬২১২, মোবাইল: ০১৭১৪ ০৮১১৭২, ০১৭০১ ০০৪৩১৩।

পরিচালক (একাডেমি)
রাজশাহী ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস
(রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত)
মতিহার, রাজশাহী-৬২১২